



জাতীয় বিশ্ববিদ্যালয়  
পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তর  
গাজীপুর

স্মারক নং : জাতীঃ বিঃ/পনি:/প্রফে:/বিবিএ/২০১৭/ ৯৬২০

তারিখ : ২৮/০৬/২০১৮

২০১৭ সালের বিবিএ তৃতীয় বর্ষ ৫ম সেমিস্টার এবং চতুর্থ বর্ষ ৭ম সেমিস্টার পরীক্ষার ফলাফল  
পুনঃনিরীক্ষণের আবেদন।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের বিবিএ তৃতীয় বর্ষ ৫ম সেমিস্টার এবং চতুর্থ বর্ষ ৭ম সেমিস্টার পরীক্ষার ফলাফল পুনঃনিরীক্ষণের জন্য আগামী ০১/০৭/২০১৮ তারিখ হতে ১৯/০৭/২০১৮ তারিখ দুপুর ২:০০ টা পর্যন্ত On-line-এ আবেদন করা যাবে এবং ২২/০৭/২০১৮ তারিখ রবিবার বিকাল ৪:০০ টা পর্যন্ত ব্যাংকে টাকা জমা দেয়া যাবে।

ছাত্র-ছাত্রী নিজেই [www.nu.edu.bd](http://www.nu.edu.bd) ওয়েব সাইটে যেয়ে Services মেনু → সোনালী সেবা' পে-স্লিপ → Students Fee → Rescruiting fee থেকে নির্ধারিত আবেদন ফরম পূরণ করে Pay Slip ডাইনলোড করতে পারবে। Pay Slip এ সংশ্লিষ্ট খাতের সঞ্চয়ী হিসাব নম্বর ০২১৮১০০০০০১৩৫ উল্লেখ পূর্বক টাকার অংক লেখা থাকবে এবং এর প্রিন্ট কপি নিয়ে নিকটস্থ সোনালী ব্যাংকের যে কোন শাখায় সোনালী সেবার মাধ্যমে টাকা জমা দিয়ে রশিদ সংগ্রহ করতে হবে।

নির্ধারিত সময়ের পূর্বে অথবা পরে আবেদন ফরম পূরণ করা, Pay Slip ডাইনলোড করা এবং টাকা জমা দেয়া যাবে না। ব্যাংকে প্রচলিত অন্য কোন ফরমে টাকা জমা প্রদান করা হলে পরবর্তীতে উদ্ধৃত জটিলতার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

উল্লেখ্য ফলাফল পুনঃনিরীক্ষণ/নম্বর যাচাই ফি প্রতি পত্র ৮০০/- (আটশত) টাকা।

(বদন্তুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪  
ফোনঃ ৯২৯১০১৭, ফ্যাক্স : ৯২৯১০৪৪